গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট
কুষ্টিয়া।
Web: kushtia.polytech.gov.bd
Email: kushtiapoly.27040@gmail.com
ফোন নং-০২৪৭৭৭৮৩১০৪

# "পরীক্ষার্থীদের প্রতি জরুরী নির্দেশনা"

কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্রে আগামী ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখ থেকে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত এবং ২য়, ৪র্থ, ৬ষ্ঠ অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৪ অনুষ্ঠিত হবে। অত্র কেন্দ্রে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীদের পরীক্ষা সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বিষয়ে অধিকতর যত্নশীল হওয়ার জন্য বিশেষ নির্দেশ দেয়া হলঃ-

০১) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।

০২) পরীক্ষার মূল প্রবেশপত্র (চলতি পর্বের) (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষর ও সীলকৃত) এবং মূল রেজিষ্ট্রেশন কার্ড গেইটে প্রর্দন পূর্বক পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা।

০৩) যথাযথ প্রস্তুতি গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণ করা।

০৪) মোবাইল ফোন, যে কোন প্রকার ঘড়ি, ইলেক্টনিক্স যন্ত্রপাতি, প্রেগ্রামিং ক্যালকুলেটর, বই-খাতা, যে কোনো প্রকার ব্যাগ বা মানিব্যাগ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।

০৫) পরীক্ষা কক্ষে নিজ নিজ সরঞ্জাম (যেমন- ক্যালকুলেটর, জ্যামিতি বক্স, রুলার, ইরেজার, পেন্সিল কাটার ইত্যাদি) সাথে থাকবে এবং কোন ভাবেই অন্য পরীক্ষার্থীর সরঞ্জাম ব্যবহার করা যাবে না।

০৬) স্ব-স্ব প্রতিষ্ঠানের নির্দিষ্ট ইউনিফর্ম (পোষাক) পরিধান করে পরীক্ষায় অংশ গ্রহণ করা।

০৭) ছবি বিহীন প্রবেশ পত্রের নির্দিষ্ট স্থানে সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আঠা/ গাম দিয়ে লাগানো এবং ছবি ও প্রবেশপত্র জুড়ে স্ব-স্ব প্রতিষ্ঠানের সীল ব্যবহার করা।

০৮) প্রতদিন নোটিশ বোর্ড থেকে আসন ব্যবস্থা দেখে পরীক্ষা কক্ষে প্রবেশ করা।

০৯) বোর্ড কর্তৃক প্রকাশিত পরীক্ষার রুটিন যথাযথভাবে জেনে সঠিক তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করা।

১০) কোন প্রকার আপত্তিকর/ অননুমোদিত কাগজপত্র সঙ্গে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

১১) পরীক্ষা কক্ষে এদিক ওদিক তাকানো এবং অপরাপর পরীক্ষার্থীর সঙ্গে কথা বলা যাবে না।

১২) একই উত্তরপত্রে দুই রকম/দুই ব্যক্তির হাতের লেখা থাকবে না ।

১৩) উত্তরপত্র দাখিল না করে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।

১৪) উত্তরপত্রে বিরুপ মন্তব্য লেখাও অপরাধ বিধায় এ বিষয়ে সতর্ক থাকা।

১৫) পরীক্ষার্থীর প্রবেশপত্রের পিছনের পৃষ্ঠায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা সংশ্লিষ্ট সমন্বিত শৃঙ্খলাবিধি যথাযথ ভাবে মেনে চলা।

৩/৭/২৫

০৩-০৭-২৫
অধ্যক্ষ
কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট
কুষ্টিয়া।